ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৭৪৬</u>
কুমারঘাট, ৫ সেপ্টেম্বর, ২০২৫

**কুমারঘাটে শিক্ষক দিবস উদযাপিত**

দেশের প্রাক্তন রাষ্ট্রপতি তথা মহান শিক্ষক সর্বপল্লী রাধাকৃষ্ণানের জন্মজয়ন্তীতে আজ কুমারঘাট মহকুমাভিত্তিক ৬৪তম শিক্ষক দিবস মানসী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কুমারঘাট বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে আলোচনাচক্র, অবসর প্রাপ্ত শিক্ষকদের সম্মাননা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক ভগবান চন্দ্র দাস সর্বপল্লী রাধাকৃষ্ণানের জীবনাদর্শে উদ্বুদ্ধ হতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, তাদের পুঁথিগত শিক্ষায় শিক্ষিত হওয়ার যথেষ্ট প্রয়োজন রয়েছে। এর পাশাপাশি ছাত্রছাত্রীদের সংস্কারী ও বিনয়ী হতে হবে। আজকের ছাত্রছাত্রীরা যাতে ভবিষ্যৎ জীবনে সমাজের কাজে আসে সেজন্য এখন থেকেই প্রস্তুত হতেও তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ঊনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি সন্তোষ ধর বলেন, ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ গঠন ও সর্বোপরি জাতি গঠনে শিক্ষকের ভূমিকা অনস্বীকার্য। তিনি বলেন, শিক্ষার্থীদের কাছে এই দিনটি তাদের শিক্ষকদের প্রতি সম্মান জানানোর একটি বিশেষ দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। স্বাগত ভাষণ রাখেন কুমারঘাটের বিদ্যালয় পরিদর্শক বিরসা সিং কলই।

অনুষ্ঠানে গত এক বছরে মহকুমার স্কুলগুলোতে যে সকল শিক্ষক ও শিক্ষিকা অবসরে গেছেন তাঁদের সম্মাননা প্রদান করা হয়। অতিথিগণ তাঁদের উত্তরীয় ও মানপত্র প্রদান করে সম্মাননা জানান।

*****